



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/12/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে DR. HAZEL N. DUKES CIVIC LEADERSHIP
উদ্যোগ প্রয়াত সিভিল রাইট লিজেন্ডকে সম্মান জানাবে

*এছাড়াও গভর্নর SUNY-এর ডাঃ হ্যাজেল এন ডিউকস ফেলোশিপ ফর দ্য
অ্যাডভান্সমেন্ট অফ সিভিল রাইটসকে বড় করবেন*

গভর্নর New York State Capitol-এর গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে ডাঃ ডিউকসের
পোর্ট্রেট কারভিং যোগ করার প্রস্তাব করলেন

*নিউ ইয়র্কবাসীরা যখন ডাঃ ডিউকসের ফিউনারেল সার্ভিসে যোগ দেওয়ার জন্য
Mother A.M.E. Zion Church-এ জমায়েত হয় তখন গভর্নর এই শ্রদ্ধাঞ্জলি ঘোষণা
করলেন*

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের (New York) লিজেন্ডারি সিভিল রাইটস নেতা Dr. Hazel N. Dukes-এর (ডাঃ হ্যাজেল এন ডিউকস) স্মৃতির সম্মানে নিউ ইয়র্কের অফিস অফ সার্ভিস অ্যান্ড সিভিল এনগেজমেন্টের (Office of Service and Civic Engagement) নাম দেওয়া হবে। Dr. Hazel N. Dukes Civic Leadership উদ্যোগটির দায়িত্ব হবে পুরো নিউ ইয়র্কে সিভিক এবং সার্ভিসের সুযোগ বাড়ানো, পাবলিক সার্ভিস এবং সিভিক এনগেজমেন্ট চালিয়ে যাওয়া যার পক্ষে Dr. Dukes (ডাঃ ডিউকস) সারাজীবন কাজ করেছেন। এছাড়াও গভর্নর State University of New York (SUNY)-এর ডাঃ হ্যাজেল এন ডিউকস ফেলোশিপ ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ সিভিল রাইটসকে (Dr. Hazel N. Dukes Fellowship for the Advancement of Civil Rights) বড় করার ঘোষণা করেছেন।

"Dr. Hazel N. Dukes (ডাঃ হ্যাজেল এন ডিউকস) ছিলেন সিভিল রাইটস আন্দোলনের একটি বড় নাম," গভর্নর Hochul (হোকল) বলেন। "আমার জীবনের সবথেকে সেরা সম্মানগুলির একটি ছিলো যখন Hazel (হ্যাজেল) গভর্নর হিসেবে আমার আনুষ্ঠানিক শপথ গ্রহণের সভাপতিত্ব করেন। তিনি ছিলেন একজন বিশ্বস্ত বন্ধু ও মুখ্য উপদেষ্টা, এবং সার্ভিস ও সিভিক এনগেজমেন্টে আমাদের বিনিয়োগ চালিয়ে যাওয়ার মাধ্যমে আমরা তার লিগেসিকে শ্রদ্ধা জানাচ্ছি।"

Dr. Hazel N. Dukes Civic Leadership উদ্যোগ

Dr. Hazel N. Dukes Civic Leadership উদ্যোগের মনোযোগ থাকবে পুরো নিউ ইয়র্কের সার্ভিস এবং সিভিক এনগেজমেন্টের উপর। এর মধ্যে আছে SUNY-এর এম্পায়ার স্টেট সার্ভিস কোর (Empire State Service Corps), যেখানে অংশগ্রহণকারী স্টুডেন্টরা সারা বছরে 300 ঘণ্টার বেশি পেইড পাবলিক সার্ভিস কাজ করে, তারা দুর্যোগ ত্রাণ, পিয়ার মেন্টাল হেলথ, এবং Supplemental Nutrition Assistance প্রোগ্রামে (SNAP) নাম লেখানোর মতো প্রজেক্টে কাজ করে।

তার 2024 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) [ঘোষণা করেন](#) যে অফিস অফ সার্ভিস অ্যান্ড সিভিক এনগেজমেন্ট আরো বেশি নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে কমবয়সীদেরকে সার্ভিসের সুযোগের সাথে যুক্ত করার জন্য একটি সার্বিক কর্মপরিকল্পনা গঠন করতে বিদ্যমান পার্টনারশিপ ও রিসোর্সকে কাজে লাগবে, যার মধ্যে আছে স্টেটের কমিশন অন ন্যাশনাল অ্যান্ড কমিউনিটি সার্ভিস।

ডাঃ হ্যাজেল এন ডিউকস ফেলোশিপ ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ সিভিল রাইটস
গভর্নর Hochul (হোকল) ডাঃ হ্যাজেল এন ডিউকস SUNY ফেলোশিপ ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ সিভিল রাইটস বড় করার ঘোষণা দিয়েছেন, যা সিভিল রাইটস, সামাজিক ন্যায্যবিচার, সিভিক শিক্ষা, সিভিল আলোচনা, এবং কমিউনিটির কাজের সাথে সম্পর্কিত গবেষণা বা বৃত্তিতে জড়িত হওয়ার জন্য প্রতি বছর বাছাই করা একজন SUNY ফ্যাকাল্টির সদস্যকে সমর্থন করবে। ডাঃ হ্যাজেল এন ডিউকস SUNY ফেলোশিপ ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ সিভিল রাইটসের আবেদন এই মাসের শেষের দিকে শুরু হবে, এবং জুন মাসে প্রথম ফেলোর নাম ঘোষণা করা হবে। SUNY-এর স্টেট পরিচালিত ক্যাম্পাস এবং কমিউনিটি কলেজগুলি থেকে SUNY-এর টেনিউর পাওয়া বা টেনিউর পাওয়ার পথে থাকা ফ্যাকাল্টি আবেদন করার যোগ্য হবে।

SUNY-এর Black Leadership Institute (BLI)-এর মাধ্যমে ডাঃ হ্যাজেল ডিউকস ফেলোশিপ প্রতিষ্ঠা করার জন্য গভর্নরের [গত বছরের ঘোষণার](#) উপর ভিত্তি করে এটি হচ্ছে, যেখানে Dr. Hazel Dukes-এর (ডাঃ হ্যাজেল ডিউকস) সম্মানে প্রতি কোর্ট থেকে একজন অসাধারণ ব্যক্তির নাম ঘোষণা করা হবে। ডাঃ হ্যাজেল ডিউকস ফেলোর মধ্যে ডাইভার্সিটি, সমতা এবং ন্যায্যবিচারের ব্যাপারে সেই সব মূল্যবোধ, অর্জন, আবেগ, স্পষ্ট চিন্তা, এবং নিবেদন থাকতে হবে যা Dr. Dukes-এর (ডাঃ ডিউকস) ক্যারিয়ার ও জীবনকে বর্ণনা করে। গভর্নর Hochul (হোকল) তার ফিসক্যাল ইয়ার 2024 বাজেটের অংশ হিসেবে SUNY Black Leadership Institute প্রতিষ্ঠা করেছেন যা আরো বেশি ডাইভার্স হতে থাকা একটি ইউনিভার্সিটি সিস্টেম এবং দেশের বর্তমান ও উদীয়মান নেতাদের বিকাশ ও ধরে রাখাকে সনাক্ত, ধারণ, এবং সমর্থন করবে।

গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে পোর্ট্রেট কারভিং

গভর্নর Hochul (হোকল) অ্যালবানিতে (Albany) New York State Capitol-এর গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে (Great Western Staircase) Dr. Dukes-এর (ডাঃ ডিউকস) একটি পোর্ট্রেট কারভিং যোগ করার জন্য তার প্রস্তাবনা ঘোষণা করেছেন। গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে বহু বিশিষ্ট ব্যক্তির পোর্ট্রেট কারভিং আছে, যেমন নিউ ইয়র্ক স্টেটের প্রথম 30 জন গভর্নর, ইউনাইটেড স্টেটসের প্রেসিডেন্ট, পর্যটক, রাজনীতিবিদ, উদ্ভাবক, বিজ্ঞানী, লেখক, সৈনিক, কবি, অ্যাক্টিভিস্ট এবং অ্যাবোলিশনিষ্ট। গ্রেট ওয়েস্টার্ন স্টেয়ারকেসে সর্বশেষ যোগ করা

হয়েছে প্রয়াত বিচারপতি Ruth Bader Ginsburg-এর (রুথ বেডার গিন্সবার্গ) পোর্ট্রেট কারভিং, যা গভর্নর 2023 সালে [প্রকাশ করেন](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)